দৈনিক বাংলা

তারিখ ··· 06 JAN 1995 ··
পৃষ্ঠা ৬ কলাম ৬ ···

# মাদ্রাসা বোর্ডের কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির মামলা

দুর্নীতি দমন ব্যুরো পরীক্ষা ফি আত্মসাৎ এবং প্রতারণা ও দুর্নীতির অভিযোগে মাদ্রাসা বোর্ডের কতিপয় কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে লালবাগ থানায় পৃথক পৃথক চারটি মামলা দায়ের করেছে। দায়েরকৃত এই চারটি মামলার মধ্যে একটিতে ১৭০ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে পরীক্ষা ফি বাবদ প্রায় ১৭ হাজার টাকা আত্মসাতের অভিযোগে দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা করা হয়েছে। মামলা নম্বর- ২৬ (১২) ৯৪।

পাঁচ হাজার টাকা সার্বিক পরীক্ষার ফি আত্মসাতের দায়ে আর একটি মামলা দায়ের করা হয়েছে। এই মামলার নম্বর- ২৭ (১২) ৯৪।

পরীক্ষার ফি আত্মসাৎ সংক্রান্ত অপর একটি মামলা দন্ডবিধির ৪০৯/ ৪২০/ ৪৬৭/৪৬৮ (ক) এবং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দায়ের করা হয়েছে। মামলা নম্বর ২৩ (১২) ৯৪। এছাড়া দন্ডবিধি ও দুর্নীতি প্রতিরোধ আইনের কয়েকটি ধারায় আর একটি পৃথক মামলা দায়ের করা হয়েছে। খবর বিজ্ঞপ্তি।